

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৪/২১৭

১৯ ডিসেম্বর, ২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : Customs Bond Management System (CBMS) সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে বন্ডেড কার্যক্রম সম্পন্ন করা প্রসঙ্গে।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩১/১২/২০২৪ ইং তারিখের মধ্যে Onboard হয়ে CBMS সফটওয়্যারের মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য বিভিন্ন সময়ে আপনাদেরকে সার্কুলারের মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

অদ্য ১৯/১২/২০২৪ ইং তারিখে কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর) এর সম্মেলন কক্ষে কাস্টমস বন্ড সংক্রান্ত ওয়ার্কিং কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর) এর কমিশনার সভাপতিত্ব করেন। কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) সহ বিভিন্ন কমিশনারেটের ও কাস্টম হাউজের উদ্ধর্তন কর্মকর্তা উক্ত সভায় উপস্থিত ছিলেন।


সভায় বিজিএমইএ হতে জনাব ইনামুল হক খান (বাবলু), সদস্য, সহায়ক কমিটি, বিজিএমইএ, জনাব মাহাবুবুর রহমান, পরিচালক, মেসার্স সোনিয়া এন্ড সুয়েটারস লিঃ, সদস্য স্ট্যান্ডিং কমিটি অন এনবিআর, বন্ড ও কাস্টমস, জনাব কাজী মিজানুর রহমান, প্রোপাইটর, আদিবা এ্যাপারেলস, সদস্য স্ট্যান্ডিং কমিটি অন এনবিআর, বন্ড ও কাস্টমস বিজিএমইএ উপস্থিত ছিলেন। বিকেএমইএ হতে জনাব মোঃ হাতেম, সভাপতি, বিকেএমইএ উপস্থিত ছিলেন। এছাড়াও বিভিন্ন বাণিজ্য সংগঠনের প্রতিনিধিরা সভায় উপস্থিত ছিলেন।

উক্ত সভায় কাস্টমস বন্ড সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। এর মধ্যে CBMS সফটওয়্যারের কার্যক্রম আগামী ১ জানুয়ারি ২০২৫ হতে চালু না করে আরও সময় দেয়ার জন্য অনুরোধ জানানো হলে সভার সভাপতি জানান যে, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয় সময় বৃদ্ধি করার বিষয়ে সম্মত নয়।

এমতাবস্থায়, যে সকল সদস্য প্রতিষ্ঠান এখন পর্যন্ত CBMS সফটওয়্যারে Onboard হন নাই তাদেরকে আগামী ৩১/১২/২০২৪ ইং তারিখের মধ্যে onboard হয়ে CBMS সফটওয়্যারে অনলাইনের মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,



মোঃ ফরুকুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •